



# আইডিয়াল

IDEAL(Institute of Development Education for Advancement of Landless)

সূত্র: আই/প্রশা:/প্রকা-৮৭

তারিখ- ১০ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি নং-০০১/২৪

## অফিস বিজ্ঞপ্তি


এতদ্বারা সকল শাখা কার্যালয়ের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৪ মার্চ ২০২৪ মাসিক সমন্বয় সভা ও ০৯ মার্চ ২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত ট্রেনিং কাম মিটিং পরবর্তী সিদ্ধান্ত সমূহ কঠোরভাবে পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

১. মাইক্রোফাইন্যান্সে ব্যবহৃত (gBanker) সফটওয়্যার মোতাবেক রিবেট প্রদান করতে হবে। সকল রিবেট সংস্থার নীতিমালা অনুযায়ী করতে হবে।
২. মৃত বীমা দাবিকৃত সকল আবেদনের সাথে সংযুক্তি আকারে (gBanker) সফটওয়্যার হতে প্রাপ্ত সদস্যর আপডেট স্টেটমেন্ট প্রদান করতে হবে।
৩. ঋণের সিলিং: সাপ্তাহিক ঋণ ৩০ কিস্তির পূর্বে এবং এসএমই ঋণ ২০ কিস্তির পূর্বে পরিশোধকৃত ঋণের ক্ষেত্রে কোন প্রকার সিলিং বৃদ্ধি করা যাবে না। ৩০ কিস্তি হতে পরিশোধকৃত সকল ঋণের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী ধাপে ধাপে ঋণের সিলিং বৃদ্ধি করতে হবে।
৪. আগামী মাসিক মিটিং এর পূর্বেই শাখায় ব্যবহৃত সকল রেজিস্টার/ফাইল সমূহ হালনাগাদ করত: তার প্রতিবেদন এপ্রিল ২০২৪ মাসের মাসিক মিটিং এ প্রদান করতে হবে।
৫. পবিত্র রমজান চলাকালিন সময়ে দুপুর ২:০০ মিনিট এর মধ্যে ব্যাংক লেনদেন সম্পন্ন করতে হবে।
৬. ভ্যাট/ট্যাক্স সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যথা নিয়মে ও যথা সময়ে আপডেট করত: প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। (উক্ত কাগজপত্র মোট ০৩ কপি করত: ২কপি প্রধান কার্যালয়ে ও ১ কপি শাখা কার্যালয়ে সংরক্ষণ করতে হবে) উল্লেখ্য থাকে যে, সকল শাখা একই নিয়মে করতে হবে।
৭. প্রধান কার্যালয় হতে গৃহীত সকল সিদ্ধান্ত সমূহ তাৎক্ষনিক শাখায় মিটিং করত: সকল স্টাফদেরকে জানাতে হবে ও মিটিং রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

আশা করি এ সিদ্ধান্ত সংস্থার কার্যক্রমকে আরও বেশি গতিশীল ও বেগবান করবে।

এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

  
মোঃ নজরুল ইসলাম

পরিচালক

আইডিয়াল।

গ্রাম ও ডাকঘর: পারুলিয়া, উপজেলা: দেবহাটা, জেলা: সাতক্ষীরা। ফোন: ০৪৭৩২-৭২১১২, মোবাইল: ০১৭১১-৮৬৬৫০৪

Vill & Post: Parulia, Upazila: Debhata, Dist: Satkhira, Bangladesh. Phone: 04732-72112, Mobile:01711-866504, E-mail: ideal\_ni@yahoo.com